তারিখ ..22 JUL 2016...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ......

কালের কণ্ঠ

# জঙ্গিবাদের বিরুদ্ধে সোচ্চার স্কুলের শিক্ষার্থীরাও

নিজস্ব প্রতিবেদক ▷

সন্ত্রাস ও জঙ্গিবাদবিরোধী মানববন্ধনে শামিল হয়েছে স্কুলের কোমলমতি শিক্ষার্থীরা। শিক্ষক ও অভিভাবকদের হাত ধরে তারাও দাঁড়িয়েছে রাস্তায়। গতকাল বৃহস্পতিবার রাজধানীর কুড়িল-শেওড়া এলাকায় দেখা যায় এ দৃশ্য। ঢাকা উত্তর সিটি করপোরেশনের ১৭ ও ১৮ নম্বর ওয়ার্ডের জনপ্রতিনিধিদের আহ্বানে এ মানববন্ধনে স্থানীয় প্রায় ২০টি শিক্ষাপ্রতিষ্ঠান অংশ নিয়েছে।

মানববন্ধনে অংশ নেওয়া ব্রাইট আইডিয়াল স্কুলের প্রতিষ্ঠাতা পরিচালক আবু সাহেল মাহমুদ কালের কণ্ঠকে বলেন, স্থানীয় জনপ্রতিনিধিদের আহ্বানে সাড়া দিয়ে কর্মসূচিতে অংশগ্রহণ। জঙ্গিবাদ বিষয়ে সচেতন করতে স্কুল-কলেজের শিক্ষার্থী ও অভিভাবকদের নিয়ে এ মানববন্ধনের আয়োজন করা হয়। বাসায় বাসায় গিয়েও পরে অভিভাবকদের সঙ্গে মতবিনিময় করা হবে।

বসুন্ধরা আবাসিক এলাকার প্রবেশপথ থেকে হাতে হাত রেখে গতকালের এই মানববন্ধন ছাড়িয়ে যায় কুড়িল ফ্লাইওভার। নিউ লাইট হাই স্কুল অ্যান্ড কলেজ, প্রাইম ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ ও ব্রাইট আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজসহ এ এলাকার প্রায় ২০টি স্কুল-কলেজের শিক্ষার্থীরা মানববন্ধনে অংশ নেয়।

সংশ্লিষ্ট ব্যক্তিরা জানান, সাম্প্রতিক জঙ্গি হামলা এবং শিক্ষার্থীদের সন্ত্রাসবাদে জড়িয়ে পড়ার ঘটনায় সচেতনতার অংশ হিসেবে কর্মসূচির আয়োজন করা হয়েছে। জঙ্গিবাদকে রুখে দিতে প্রয়োজন সামাজিক প্রতিরোধ, তাই স্কুল-কলেজের শিক্ষার্থীদের পাশাপাশি অভিভাবকদেরও মানববন্ধনে শামিল করার চেষ্টা হয়েছে। পরবর্তী সময় শিক্ষক-শিক্ষার্থীরা স্থানীয়দের বাসায় বাসায় গিয়েও অভিভাবকদের সঙ্গে মতবিনিময় করবেন এবং বিভিন্ন বিষয়ে সচেতন করবেন।